দর্শনায় প্রতিমা বিসর্জনের মধ্য দিয়ে শেষ হলো শারদীয় দুর্গোৎসব

সনাতন ধর্মাবলম্বীদের সবচেয়ে বড় ধর্মীয় উৎসব দুর্গাপূজার বিজয়া দশমী বৃহস্পতিবার কড়া নিরাপত্তার মধ্যে দিয়ে প্রতিমা বিসর্জনের মধ্য দিয়ে শেষ হলো পাঁচ দিনব্যাপী এই শারদীয় উৎসব।

সকালে ৬টি মন্ডপে অনুষ্ঠিত হয়েছিল বিহিত পূজা। এরপর হয়েছে দর্পণ ও বিসর্জন। বিজয়া দশমীতে স্থানীয় আয়োজন ও সুবিধামতো সময়ে শোভাযাত্রার মাধ্যমে প্রতিমা বিসর্জন দেয় ভক্তরা। হিন্দুশাস্ত্র মতে, এদিন দেবী দুর্গা মর্ত্য ছেড়ে কৈলাসে ফিরে যাবেন দোলায় চড়ে।

সনাতন ধর্মাবলম্বীদের বিশ্বাস, মানুষের মনের অসুরিক প্রবৃত্তি, কাম, ক্রোধ, হিংসা, লালসা বিসর্জন দেওয়াই বিজয়া দশমীর মূল তাৎপর্য। এসব প্রবৃত্তি বিসর্জন দিয়ে একে অন্যের সঙ্গে ভ্রাতৃত্বের বন্ধনে আবদ্ধ হয়ে বিশ্বে শান্তি প্রতিষ্ঠা করাই এ আয়োজনের উদ্দেশ্য।

দুর্গার বিদায়ের আগে মন্ডপে মন্ডপে সিঁদুর খেলায় মেতে উঠে পুরুষ-নারীরা। দেবীর চরণের সিঁদুর নিয়ে নিজেদের রাঙিয়ে তুলছিলেন তারা। শাস্ত্রমতে, স্বামীর মঙ্গল কামনায় দশমীর দিন নারীরা দেবী দুর্গার সিঁথিতে দেওয়া সিঁদুর নিজের সিঁথিতে লাগিয়ে আশীর্বাদ নেন। পান ও মিষ্টি নিয়ে দুর্গা মাকে সিঁদুর ছোঁয়ানোর পর একে অপরকে সিঁদুর লাগিয়ে দেন তারা। সিঁদুর খেলা শেষে শেষবারের মতো দেবীর আরাধনা করেন তারা।

দর্শনা মাথাভাঙ্গা নদীতে ৬ টি প্রতিমা বিসর্জনের মধ্য দিয়ে শেষ করে বিজয়া দশমী। দশর্না হরিজন পূজা মন্ডপ, পুরাতন বাজার পূজা মন্ডপ, কেরুজ পূজা মন্ডম, রামনগর দাসপাড়া ও আদিবাসী পাড়া এবং পারককৃষ্নপুর পূজা মন্ডপ জাঁকজমক পূর্নভাবে মাথাভাঙ্গা নদীতে বিসর্জন দেয়।

সময় ভক্তরা ঢোলের তালে তালে প্রতিমা বিসর্জনের মধ্যে দিয়ে শেষ করে হিন্দু সম্প্রদায়ের সবচেয়ে বড় ধর্মীয় দূর্গা উৎসব।

দর্শনায় সুন্দরবন এক্সপ্রেস ট্রেনের যাত্রা বিরতি উপলক্ষ্যে বিজয় উৎসব

একতা আর আন্দোলনের জয় হলো ছাত্র জনতার দর্শনায় সুন্দরবন এক্সপ্রেস ট্রেনের যাত্রা বিরতি উপলক্ষ্যে-বিজয় উৎসব ও মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়েছে।

বুধবার রাত ১০ টায় দর্শনা হল্ট ষ্টেশনে ট্রেনের যাত্রা বিরতি উপলক্ষ্যে-বিজয় উৎসব ও মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়।

ছাত্রজনতার আয়োজনে দীর্ঘ দিনের দর্শনাসহ আশপাশের মানুষের প্রানের দাবি পৃরন হলো।এ সময় উপস্থিত ছিলেন,দর্শনা পৌর বিএনপির সমন্বয়ক ও দর্শনা মেমনগর বিডি মাধ্যমিক বিদ্যালয়ের সভাপতি আলহাজ্ব মশিউর রহমান,দর্শনা থানার যুবদলের আহবায়ক জালাল উদ্দীন লিটন,দর্শনা ছাত্রদলের সভাপতি আরাফাত রহমান,দর্শনা ছাত্র সমন্বয়কের সাবেক যুগ্ন আহবায়ক তানভীর অনিক,এ আর রিফাত,প্রমুখ।পরে ছাত্র জনতা একটি কনসার্ট গানের আয়োজন করে।

দর্শনার ব্রাদার্স রাইস মিলে পরিকল্পিত অগ্নিকাণ্ডে লক্ষাধিক টাকার ক্ষতি

দর্শনার ব্রাদার্স রাইস মিলে তরল দাহ্য পদার্থ ব্যবহার করে পরিকল্পিতভাবে আগুনে লক্ষাধিক টাকার ক্ষতি সাধিত হয়েছে।

গতকাল বুধবার সকাল সাড়ে ৬টার দিকে ব্রাদার্স রাইস মিলে এ

অগ্নিকাণ্ডের ঘটনা ঘটে। প্রত্যক্ষ সূত্রে জানা গেছে, প্রতিদিনের মতো ব্রাদার্স রাইস মিল বন্ধ করে সবাই চলে যায়। হঠাৎ করে ভোরের দিকে নাশকতামূলক অগ্নিসংযোগের ঘটনা ঘটে।

এ ঘটনায় রাইস মিলের ভেতরে থাকা ২০ বস্তা চালের গুঁড়া ও একটি পালসার মোটরসাইকেল পুড়ে ভস্মীভূত হয়েছে। এতে প্রায় লক্ষাধিক টাকার মালামাল পুড়ে ছাই হয়ে গেছে।

ফায়ার সার্ভিসের একটি ইউনিটের সহায়তায় আগুন নিয়ন্ত্রণে আসে। ফায়ার সার্ভিসের কর্মীদের প্রাথমিক ধারণা, তরল দাহ্য পদার্থ ব্যবহার করে পরিকল্পিতভাবে আগুন লাগানো হয়েছে।

মিল মালিক খন্দকার সাইফুল আজম সেন্টু বলেন, আমার তো কারও সঙ্গে শত্রুতা নেই। তবে আমার ছেলের সঙ্গে আছে কিনা, আমার জানা নেই।

ভারতে পালানোর সময় গোপালগঞ্জ জেলা আওয়ামীলীগের সাবেক সাংগঠনিক সম্পাদক দর্শনা ইমিগ্রেশনে গ্রেফতার

ভারতে পালানোর সময় গোপালগঞ্জ জেলা আওয়ামীলীগের সাবেক সাংগঠনিক সম্পাদক এস এম মুনির দর্শনা ইমিগ্রেশন পুলিশ গ্রেফতার করেছে। গতকাল মঙ্গলবার সন্ধ্যায় তাকে গ্রেফতার করে।

তার নামে গোপালগঞ্জ থানায় একটি নাশকতা মামলা রয়েছে। এ ঘটনায় ইমিগ্রেশন ইনচার্জ এস আই তুহিন বলেন, সন্ধ্যার আগ দিয়ে দর্শনা ইমিগ্রেশন চেকপোষ্টে পৌছায়। আমারা তার পাসপোর্ট চেকিং করে দেখি তার বিরুদ্ধে গোপালগঞ্জ থানায় একটি মামলা রয়েছে।

এ বিষয়ে দর্শনা থানার অফিসার ইনচার্জ মোহাম্মদ শহীদ তিতুমীর ঘটনার সত্যতা নিশ্চিত করে বলেন, আমরা রাত সাড়ে ৭ টার দিকে তাকে গ্রেফতার করে দর্শনা থানায় নিয়ে এসেছি। গতকালই তাকে চুয়াডাঙ্গা

দর্শনা সীমান্তে স্বর্ণসহ নারী চোরাকারবারি আটক

চুয়াডাঙ্গার দর্শনা সীমান্তে ৬ বিজিবি’র চোরাচালান বিরোধী অভিযানে তিনটি স্বর্ণের বারসহ এক নারী চোরাকারবারি আটক হয়েছে। গতকাল সোমবার দুপুর সাড়ে ১২টার দিকে দর্শনা থানার পারকৃষ্ণপুর মদনা ইউনিয়নের কামারপাড়া বাড়াদী গ্রামের ওয়াসীমের স্ত্রী আসমা বেগম (৩৫) কে আটক করা হয়।
বিজিবি জানায়, ব্যাটালিয়ন অধিনায়ক লেফটেন্যান্ট কর্নেল নাজমুল হাসানের নির্দেশে বিশেষ গোয়েন্দা তথ্যের ভিত্তিতে কামারপাড়া পাকা রাস্তায় অভিযান চালানো হয়। এ সময় কামারপাড়া বাড়াদী ক্যাম্পের নায়েব সুবেদার মোহাম্মদ এনামুল হকের নেতৃত্বে টহল দল সীমান্ত পিলার ৮০/১০-আর হতে প্রায় ৮০০ গজ ভেতরে অভিযান চালিয়ে আসমা বেগমকে আটক করে।

পরে তার হাতে থাকা ভ্যানিটি ব্যাগ তল্লাশি করে তিনটি স্বর্ণের বার, একটি বাটন মোবাইল ফোন ও নগদ ১৮০ টাকা উদ্ধার করা হয়। উদ্ধারকৃত স্বর্ণের আনুমানিক বাজারমূল্য ৫৮ লাখ ৫৮ হাজার টাকা।

ঘটনায় নায়েব সুবেদার মোহাম্মদ এনামুল হক বাদী হয়ে দর্শনা থানায় মামলা দায়ের করেছেন। আটককৃত আসামিকে থানায় হস্তান্তর এবং উদ্ধারকৃত স্বর্ণ চুয়াডাঙ্গা ট্রেজারি অফিসে জমা দেওয়ার প্রক্রিয়া চলছে।

দর্শনা সীমান্তে স্বর্ণসহ নারী চোরাকারবারি আটক

চুয়াডাঙ্গার দর্শনা সীমান্তে ৬ বিজিবির চোরাচালান বিরোধী অভিযানে তিনটি স্বর্ণের বারসহ এক নারী চোরাকারবারি আটক হয়েছে।

সোমবার (২৯ সেপ্টেম্বর) দুপুর সাড়ে ১২টার দিকে দর্শনা থানার পারকৃষ্ণপুর মদনা ইউনিয়নের কামারপাড়া বাড়াদী গ্রামের ওয়াসীমের স্ত্রী আসমা বেগম (৩৫) কে আটক করা হয়।

বিজিবি জানায়, ব্যাটালিয়ন অধিনায়ক লেফটেন্যান্ট কর্নেল নাজমুল হাসানের নির্দেশে বিশেষ গোয়েন্দা তথ্যের ভিত্তিতে কামারপাড়া পাকা রাস্তায় অভিযান চালানো হয়। এ সময় কামারপাড়া বাড়াদী ক্যাম্পের নায়েব সুবেদার মোহাম্মদ এনামুল হকের নেতৃত্বে টহল দল সীমান্ত পিলার ৮০/১০ আর হতে প্রায় ৮০০ গজ ভেতরে অভিযান চালিয়ে আসমা বেগমকে আটক করে।

পরে তার হাতে থাকা ভ্যানিটি ব্যাগ তল্লাশি করে তিনটি স্বর্ণের বার, একটি বাটন মোবাইল ফোন ও নগদ ১৮০ টাকা উদ্ধার করা হয়। উদ্ধারকৃত স্বর্ণের আনুমানিক বাজারমূল্য ৫৮ লাখ ৫৮ হাজার টাকা।

ঘটনায় নায়েব সুবেদার মোহাম্মদ এনামুল হক বাদী হয়ে দর্শনা থানায় মামলা দায়ের করেছেন। আটককৃত আসামিকে থানায় হস্তান্তর এবং উদ্ধারকৃত স্বর্ণ চুয়াডাঙ্গা ট্রেজারি অফিসে জমা দেওয়ার প্রক্রিয়া চলছে।

দর্শনায় পুকুরের পানিতে ডুবে শিশুর মৃত্যু

চুয়াডাঙ্গা সদর উপজেলার হিজলগাড়িতে খেলতে গিয়ে বাড়ির পাশের পুকুরের পানিতে ডুবে আরিয়ান নামের দেড় বছরের এক শিশুর মৃত্যু হয়েছে।

সোমবার (২৯ সেপ্টেম্বর) সকাল ৯টার দিকে সদর উপজেলার হিজলগাড়ি মাঝের পাড়া গ্রামে এই ঘটনা ঘটে।

নিহত আরিয়ান একই গ্রামের বাসিন্দা খতিব মিয়ার ছেলে।

পরিবারের সদস্যরা জানান, সকাল ৭ টার দিকে সবাই কাজে ব্যাস্ত ছিলো। আরিয়ান খেলা করছিলো সে সময়। পরে পরিবারের সদস্যরা তাকে না পেয়ে খোঁজাখুঁজি শুরু করে।

তারা আরও জানান, দীর্ঘ সময় খোঁজাখুঁজি পর শিশুটিকে পুকুরের পানি থেকে উদ্ধার করা হয়। খেলার ছলে সবার অগোচরে শিশুটি পুকুরে পড়ে যায় কেও জানতে পারেনি।একমাত্র পুত্র সন্তান হারিয়ে বাবা মা পাগলের প্রলাপ বকছে।

ঘটনার সত্যতা নিশ্চিত করে দর্শনা থানার অফিসার ইনচার্জ (ওসি) মোহাম্মদ শহীদ তিতুমীর বলেন, খেলতে যেয়ে পুকুরের পানিতে ডুবে শিশুর মৃত হয়েছে। এ বিষয়ে দর্শনা থানায় একটি অপমৃত্যু মামলা হয়েছে।

দর্শনায় বাংলাদেশ রেলওয়ে এমপ্লয়িজলীগ এর সাধারণ সভা

দর্শনায় বাংলাদেশ শ্রমিক কল্যাণ ফেডারেশনের চুয়াডাঙ্গা শাখার উদ্যোগে অঙ্গ সংগঠন বাংলাদেশ রেলওয়ে এমপ্লয়িজলীগ এর সাধারণ সভা অনুষ্ঠিত হয়েছে।

গতকাল রবিবার সকালে দর্শনা রেলওয়ে স্টেশন সংলগ্ন ইয়ার্ডে সংগঠনের চুয়াডাঙ্গা জেলা শাখার সভাপতি মোঃ আমিন উদ্দীনের সভাপতিত্বে অনুষ্ঠিত উক্ত সভায় প্রধান অতিথির বক্তব্য রাখেনম, বাংলাদেশ রেলওয়ে এমপ্লয়িজলীগ এর সভাপতি ও বাংলাদেশ শ্রমিক কল্যাণ ফেডারেশনের কেন্দ্রীয় সাংগঠনিক সম্পাদক জনাব মোঃ আখতারুজ্জামান। বিশেষ অতিথির বক্তব্য রাখেন, চুয়াডাঙ্গা জেলা জামায়াতের আমীর ও বাংলাদেশ শ্রমিক কল্যাণ ফেডারেশনের চুয়াডাঙ্গা শাখার প্রধান

উপদেষ্টা মোঃ রুহুল আমিন। অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, শ্রমিক কল্যাণ ফেডারেশনের চুয়াডাঙ্গা শাখার সভাপতি মোঃ কাইয়ুম উদ্দিন হিরক, জামায়াতের জীবননগর থানা আমীর মাওলানা মোঃ সাজেদুর রহমান, জামায়াতের জীবননগর থানা সেক্রেটারী মোঃ মাহফুজুর রহমান, থানা সভাপতি শ্রমিক কল্যাণ ফেডারেশনের সভাপতি মোঃ বিল্লাল হোসেন, সেক্রেটারী মোহাম্মদ আজিজুর রহমান থানা, মোহাম্মদ আমজাদ হোসেন সভাপতি দর্শনা পৌর শাখা, দর্শনা পৌর আমীর সাহিকুল ইসলাম অপু ও পৌর সেক্রেটারি মোঃ শাহরিয়ার হোসেন দবির প্রমুখ।

প্রধান অতিথি জনাব মোঃ আখতারুজ্জামান তার বক্তব্যে বিগত সরকারের আমলে রেলওয়েতে ব্যাপক দূর্নীতি ও লুটপাটের ইতিহাস তুলে ধরে আগামীতে রেলওয়েকে লাভজনক প্রতিষ্ঠান ও শ্রমিকদের স্বার্থ রক্ষায় সকলকে ঐক্যবদ্ধ হবার আহ্বান জানান।

জামায়াতের জেলা আমীর ও সংগঠনের উপদেষ্টা মোঃ রুহুল আমিন বলেন-ইসলাম শ্রমিকের সবচেয়ে বেশী মর্যাদা দিয়েছে। আমাদের রাসুল (সা.) শ্রমিকের গায়ের ঘাম শুকাবার আগেই তার ন্যায্য প্রাপ্য বুঝিয়ে দিতে বলেছেন। আগামী দিনে ইসলামকে রাষ্ট্রীয় ক্ষমতায় আনতে পারলে সমাজের সকল বৈষম্যের অবসান হবে। এজন্য সকলকে নিজ নিজ অবস্থান থেকে কাজ করার আহ্বান জানান।

দর্শনায় স্বর্ণপদকপ্রাপ্ত জিহাদকে পৌর বিএনপির সংবর্ধনা

চুয়াডাঙ্গার দর্শনা পৌরসভার ৫ নং ওয়ার্ডের পরানপুর গ্রামের কৃতি সন্তান জাহিদ হাসান জিহাদ ইন্দোনেশিয়ান ইয়ং সায়েন্টিস্ট অ্যাসোসিয়েশন (IYSA) প্রতিযোগিতায় অংশগ্রহণ করে স্বর্ণপদক অর্জন করায় তাকে সংবর্ধনা ও ফুলেল শুভেচ্ছা জানিয়েছে দর্শনা পৌর বিএনপি।

শনিবার দুপুর ১টার দিকে ঢাকা থেকে দর্শনায় পৌঁছালে বিএনপির নেতাকর্মীরা তাকে অভ্যর্থনা জানান। পরে দর্শনা রেলবাজারের মুক্তমঞ্চের সামনে ফুল দিয়ে তাকে সংবর্ধনা দেন দর্শনা পৌর

বিএনপির সমন্বয় কমিটির প্রধান সমন্বয়ক হাবিবুর রহমান বুলেট।

এ সময় তিনি বলেন, জিহাদ শুধু দর্শনার গর্ব নয়, এখন পুরো বাংলাদেশের গর্ব। ইন্দোনেশিয়ান ইয়ং সায়েন্টিস্ট অ্যাসোসিয়েশন প্রতিযোগিতায় স্বর্ণপদক জয়ে আমরা গর্বিত। আশা করি ভবিষ্যতে জিহাদ আরও বড় জায়গায় পৌঁছে দেশের মুখ উজ্জ্বল করবে। বিএনপির পক্ষ থেকে আমরা সবসময় তার পাশে থাকবো।

জানা গেছে, জিহাদ দর্শনা সরকারি কলেজের এইচএসসি দ্বিতীয় বর্ষের শিক্ষার্থী। তিনি পরানপুর গ্রামের জয়নাল আবেদিন ও পূর্ণিমা বেগমের সন্তান। পিতা-মাতা সন্তানের জন্য সবার কাছে দোয়া কামনা করেছেন।

সংবর্ধনা অনুষ্ঠানে আরও উপস্থিত ছিলেন, চুয়াডাঙ্গা জেলা ছাত্রদলের যুগ্ম সাধারণ সম্পাদক আলতাফ হোসেন, জেলা কৃষকদলের সদস্য হাতেম আলী, জেলা যুবদলের সদস্য মিতুল মিয়া, দর্শনা পৌর যুবদলের যুগ্ম আহ্বায়ক রিংকু আহম্মেদ, যুবদল নেতা সজীব আহম্মেদ, পৌর সেচ্ছাসেবক দলের যুগ্ম আহ্বায়ক আবু সাইদ রতন, সরকারি কলেজ ছাত্রদলের যুগ্ম আহ্বায়ক আসিফ হাসান ও সাফায়েত জামান পাপ্পু, পৌর ছাত্রদলের সদস্য ফারুক আহম্মেদ, দর্শনা ৩ নং ওয়ার্ডের সাবেক সাধারণ সম্পাদক মোঃ ওয়াসিমসহ স্থানীয় নেতাকর্মীরা।

দর্শনায় জামায়াতের স্মার্ট টিম সদস্যদের সমাবেশে

দর্শনায় স্মার্ট টিম সদস্যদের সমাবেশে চুয়াডাঙ্গা-২ আসনের জামায়াত মনোনীত সংসদ সদস্য প্রার্থী ও জেলা আমির রুহুল আমিন বলেছেন, জুলাই বিপ্লব ধারণ করেই আগামী রাজনীতি এগিয়ে নিয়ে দেশ গড়ার কাজে নিয়োজিত হতে হবে। গতকাল শুক্রবার সকাল ৮টায় দর্শনা অডিটরিয়ামে স্মার্ট টিম সদস্যদের সমাবেশে চুয়াডাঙ্গা জেলা আইটি বিভাগের সভাপতি মাসুম বিল্লাহর সভাপতিত্বে প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন।